কোস্ট ট্রাস্ট
৪০তম বোর্ড অব ট্রাস্টি সভার কার্যবিবরনী
তারিখঃ ৫ই অক্টোবর ২০১৩, সময়ঃ সকাল ১০:৩০
স্থানঃ প্রধান কার্যালয়, কোস্ট ট্রাস্ট

গত ৫ই অক্টোবর ২০১৩ইং কোস্ট ট্রাস্ট-এর ৪০তম বোর্ড অব ট্রাস্টি সভা সংস্থার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম এবং আলোচ্যসূচী নিম্নে দেয়া হলো,

উপস্থিত সদস্যবৃন্দ:
১. জনাব বেগম শামসুন নাহার, সভাপতি
২. জনাব মাকসুদুর রহমান, সহঃ সভাপতি
৩. জনাব জনাব মিনার মনসুর, সদস্য
৪. জনাব আফরোজা খানম, সদস্য
৫. জনাব রেজাউল করিম চৌধুরী, সচিব

আলোচ্য সূচি:
১. শোক প্রস্তাব, ফারজানা নাঈম (এমজেএফ)
২. গত সভার পর্যালোচনা
ক) অডিট কমিটি মিটিং
খ) বোর্ড অব ট্রাস্টি মিটিং
৩. মাতৃত্ব কালীন ছুটি এবং বিদেশ ভ্রমণ নীতিমালা
৪. ক্ষুদ্র ঋন কার্যক্রম এর ডাটা বিশ্লেষন
৫. চলমান ডোনার প্রকল্প রিপোর্ট
৬. মানব সম্পদ নীতিমালা এবং হিসাব ও অডিট নীতিমালা সংস্করণ
৭. কৃষ্ণ ডাটা বিশ্লেষন ও চলমান অবস্থা
৮. কক্সবাজার সদর-২ শাখার বিশেষ অডিট প্রতিবেদন
৯. সংস্থার মামলা সংক্রান্ত প্রতিবেদন
১০.কৌশলগত দিক নির্দেশনা
১১.গ্রাচ্যুইটি ফেরত (বিশেষ ক্ষেত্রে)
১২.বিবিধ

সভায় সভাপতির দায়িত্ব পালন করেন বেগম শামসুন নাহার এবং উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। গুরুত্বপূর্ন সিদ্ধান্ত সমুহ নিম্নে আলোচনা করা হলো :

১. **<u>শোক প্রস্তাব, ফারজানা নাঈম (এমজেএফ):</u>**

মানুষের জন্য ফাউন্ডেশন-এর পরিচালক- সুশাসন জনাব ফারজানা নাঈম-এর আকষ্মিক মৃত্যুতে সভায় সর্বসম্মতিক্রমে একটি শোক প্রস্তাব গৃহীত হয়। দেশের সুশাসন প্রতিষ্ঠায় তিনি বিশেষ ভূমিকা রাখায় সভা তাকে বিশেষ ভাবে স্মরণ করেন। সভায় এও সিদ্ধান্ত হয় যে, মরহুমার সংগঠন এবং পরিবারকে কোস্ট ট্রাস্ট এর পক্ষ থেকে পৃথক পৃথক শোক বার্তা পাঠানো হবে।

২. **<u>গত সভার পর্যালোচনা ঃ</u>**

Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustee
COAST Trust

Rezaul Karim Chowdhury
Executive Directer
COAST Trust

ক. আর্থিক অসুবিধার কারণে চরফ্যাশন অফিসের সম্পদ একশনএইড থেকে গ্রহণ করা এখনও সম্ভব হয়নি। প্রয়োজনীয় অর্থ যোগার করার পর এব্যাপারে উদ্যোগ নেয়া হবে। কক্সবাজার জামিতে বিল্ডিং তৈরি করার জন্য আগামী দুই মাসের মধ্যে পরিকল্পনা গ্রহন করা হবে। মানব সম্পদ নীতিমালা একজন উকিলকে দেখিয়ে সভাপতি এবং নির্বাহী পরিচালক এর যৌথ স্বাক্ষরে কার্যকর করা হবে।

খ. হিসাব এবং অডিট নীতিমালা পুন: সংস্করণের জন্য ট্রেজারার মহোদয়ের মতামত নেয়ার জন্য সভা নির্দেশনা প্রদান করে। এসকল কার্যক্রমের জন্য উপ-পরিচালক-এফএন্ডসিএ কে দায়িত্ব প্রদান করা হয়।

গ. ট্রেজারার মহোদয়ের সভাপতিত্বে গত ২৮ সেপ্টেম্বর ২০১০ এ অনুষ্ঠিত অডিট কমিটির মিটিং-এর সিদ্ধান্তসমূহ সভায় অবহিত করা হয়।

১) উপ-পরিচালক-এফএন্ডসিএ প্রতি তিন মাস পর পর সকল হিসাবের ব্যাংক স্টেটমেন্ট সরাসরি ব্যাংক থেকে সংগ্রহ করবেন।

২) কক্সবাজার সদর-২ এর মামলা এবং অন্যান্য বিষয়সমূহ সরাসরি নির্বাহী পরিচালক তদারকি করবেন।

৩) পরবর্তি সভা থেকে উপ-পরিচালক-এফএন্ডসিএ স্টেট্যুইটরি তহবিল-এর লক্ষমাত্রা এবং বর্তমান অবস্থা তুলে ধরবেন।

৪) কমিউনিটি রেডিওর ক্রয় সংক্রান্ত টেন্ডারের বিষয়ে নির্বাহী পরিচালক সভাকে অবহিত করেন।

৩. <u>মাতৃত্ব কালীন ছুটি এবং বিদেশ ভ্রমণ নীতিমালা :</u>

ক) সভা সচীবের প্রস্তাবনার ভিত্তিতে মাতৃত্বকালীন ছুটি ছয় মাস অনুমোদন করা হয়, যেখানে প্রথম তিন মাস সম্পূর্ণ বেতন এবং পরের তিন মাস বেসিক বেতন ও বাড়ী ভাড়া প্রদানের বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়।

খ) সংস্থার পরিবর্তিত বিদেশ ভ্রমণের নীতিমালা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।

৪. <u>ক্ষুদ্র ঋন কার্যক্রম এর ডাটা বিশ্লেষন:</u>

সহকারী পরিচালক-কোর প্রগ্রাম সভায় জানুয়ারি'১০ হতে আগস্ট'১০ অর্থাৎ ৮ মাসের ক্ষুদ্র ঋন কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে,

- আগস্ট'১০ শেষে সক্রিয় সদস্য সংখ্যা ৫০০২ জন বৃদ্ধি পায়, যা জানুয়ারি'১০ অপেক্ষা ৬% বেশী এবং জানুয়ারি'১০ শেষে সদস্যের বিপরীতে ঋণী সংখ্যার শতকরা হার হলো ৭৮% এবং ইহা আগস্ট'১০ শেষেও একই থাকে।

- আগস্ট'১০ শেষে নীট সঞ্চয়ের পরিমান ৩.৭৮ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে যা জানুয়ারি'১০ অপেক্ষা ১৮% বেশী। আগস্ট'১০ শেষে ঋনের স্থিতির বিপরীতে সঞ্চয় এর হার হলো ৩৫% যা জানুয়ারি'১০ শেষে ৩৩% । সঞ্চয় বাড়ানোর জন্য বোর্ড তাগিদ প্রদান করে।

- জানুয়ারি'১০ অপেক্ষা ঋনের স্থিতি (আসল) ৭.০৩ কোটি টাকা বৃদ্ধি পায় যা আগস্ট'১০ শেষে শতকরা হার ১১%। এডি-কোর প্রগ্রাম বলেন যে ঋনের স্থিতি আরও বৃদ্ধি পেত যদি সদস্যদের চাহিদার সময় ঋণ প্রদান করা যেত।

- আগস্ট'১০ শেষে প্রত্যেক ঋণ উন্নয়ন কর্মকর্তার বিপরীতে সক্রিয় সদস্য সংখ্যা ৩৫৮ জন, যা জানুয়ারি'১০ তে ছিল ৩৪২ জন।

Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustee
COAST Trust

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

এডি-কোর প্রগ্রাম বলেন যে, মোট তহবিল ঋনের ৮% কোস্ট এর নিজস্ব তহবিল, সদস্য সঞ্চয় থেকে ৩০%, PKSF থেকে ৪৬% এবং SF থেকে ১৬ %। বোর্ড, কোস্ট এর নিজস্ব তহবিল বাড়ানোর পাশাপাশি মেয়াদ উত্তির্ন ঋণ আদায়ের জন্য তাগাদা প্রদান করে।

চলমান ডোনার প্রকল্প রিপোর্ট :

সংস্থার পরিচালক চলমান ডোনার প্রকল্প সমুহের একটি মেট্রিক্স সভায় উপস্থাপন করেন। এ পর্যায়ে তিনি উল্লেখ করেন যে, বর্তমানে দাতা সংস্থার ৭টি প্রকল্প চলমান আছে। প্রকল্পগুলো হলো, ক) এসএফপি, খ) এসএফ-শিক্ষা, গ) এলজিপি, ঘ) সিফরডি, ঙ) ইডাব্লিউজি, চ) সিএলএস এবং ছ) ভ্যালু চেইন উন্নয়ন প্রকল্প। তিনি বলেন যে, বর্তমানে দাতা সংস্থার প্রকল্পসমুহের বাজেটের পরিমান ২১৪.২৮ মিলিয়ন টাকা এবং সময়কাল অনুযায়ী প্রকল্প খরচের হার ৮২% এবং এ পর্যন্ত খরচের হার ৪৫%।

কুঋণ ডাটা বিশ্লেষন ও চলমান অবস্থা :

পরিচালক সংস্থার কুঋণ এর ডাটা বিশ্লেষন ও চলমান অবস্থা নিয়ে আলোচনা করেন। তিনি উল্লেখ করেন যে, ১৯৯৮ হতে ডিসেম্বর'১২ পর্যন্ত কুঋনের পরিমান হলো ৪.৫১ কোটি টাকা। গত ডিসেম্বর'১২ হতে মাসের ২টি শুক্রবারে কুঋন আদায়ের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহন করা হয়েছে যেখানে নির্দিষ্ট পরিকল্পনা সাপেক্ষে কেন্দ্রীয় এবং প্রকল্প কার্যালয়ের কর্মীদের যুক্ত করা হয়েছে। এ ব্যবস্থার ফলে এ পর্যন্ত ২৭.৭০ লক্ষ টাকা আদায় হয়েছে। এ প্রক্রিয়াটি চলমান থাকবে এবং এটি সরাসরি পরিচালক ও নির্বাহী পরিচালক তদারকি করবেন।

কক্সবাজার সদর-২ শাখার বিশেষ অডিট প্রতিবেদন :

নির্বাহী পরিচালক কক্সবাজার সদর-২ শাখার সাম্প্রতিক অডিট প্রতিবেদন নিয়ে বিশদ আলোচনা করেন। তিনি উল্লেখ করেন যে, এই শাখায় মোট ৭.০৮ লক্ষ টাকার আত্মসাত ধরা পরে এবং ৮৫.৯৫ লক্ষ টাকার অনিয়ম পাওয়া যায়, যেখানে সিডিও, শাখা ব্যবস্থাপক, এলাকা ব্যবস্থাপক এবং আঞ্চলিক কর্মসূচি সমম্বয়কারী দায়ী বলে অডিট প্রতিবেদনে প্রমানিত হয়। সংস্থা এদের বিরুধ্বে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহন করেছে। বোর্ড উল্লেখ করে যে, ঝুকিপূর্ণ শাখাসমূহকে একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর পূর্ণ অডিট সম্পন্ন করতে হবে।

সংস্থার মামলা সংক্রান্ত প্রতিবেদন :

পরিচালক বোর্ডকে অবহিত করেন যে, সংস্থায় বর্তমানে ৩০টি মামলা পরিচালিত হচ্ছে যার বেশিরভাগ মামলা আত্মসাত জনিত। ১৯৯৬ সাল থেকে মামলায় উল্লেখিত এযাবত আত্মসাতের পরিমান ১.০৪ কোটি এবং এ হতে আদায় হয়েছে ৫.৮৪ লক্ষ টাকা ও খরচ হয়েছে ১.০৫ লক্ষ টাকা।

কৌশলগত দিক নির্দেশনা :

নির্বাহী পরিচালক সংস্থার ২০১৪ হতে ২০১৯ পর্যন্ত সংস্থার কৌশলগত দিক নির্দেশনা নিয়ে আলোচনা করেন এবয় তিনি উল্লেখ করেন যে, এটি আগামী মার্চ ২০১৪ এর মধ্যে প্রনয়ন করা হবে। এটি করার জন্য প্রথমে সকল কর্মীদের সাথে আলোচনা করে খসড়া তৈরি করা হবে এবং পরে বিশেষজ্ঞদের মতামত নিয়ে চূড়ান্ত করা হবে। এক্ষেত্রে দেশের খ্যাতমান ব্যক্তিদের এখানে সম্পৃক্ত করার জন্য বোর্ড নির্বাহী পরিচালককে অনুরোধ করে।

গ্রাচ্যুইটি ফেরত (বিশেষ ক্ষেত্রে) :

Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustee
COAST Trust

Rezaul Karim Chowdhury
Executive Directer
COAST Trust

নির্বাহী পরিচালক বিশেষ ক্ষেত্রে কর্মীদেরকে গ্রাচ্যুইটি ফেরত-এর বিষয়ে একটি যৌক্তিকতা তুলে ধরেন। সে ভিত্তিতে গ্রাচ্যুইটি ফেরত-এর ক্ষেত্রে বোর্ড নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহন করে।

ক) সংস্থায় যাদের চাকুরির বয়স কমপক্ষে ১৫ বছর হয়েছে।

খ) যাকে চাকুরি সময়ে নিবেদিত এবং কর্মনিষ্ঠ দেখা গেছে।

গ) বোর্ডের সভাপতির অনুমোদন সাপেক্ষে ফ্লাট, জমি ক্রয়/উন্নয়ন এবং বাড়ি নির্মান এর ক্ষেত্রে ১০০% গ্রাচ্যুইটি ফেরত দেয়া হবে।
ঘ) যারা সরাসরি ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে জড়িত তাদেরকে এ নিয়মের আওতায় আনা যাবেনা।

১১. বিবিধ : প্রযোজ্য নহে

আর কোন বিষয় না থাকায় বোর্ডের সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

প্রস্তুতকারী

Rezaul Karim Chowdhury
Executive Director
COAST Trust

রেজাউল করিম চৌধুরী
বোর্ড সচিব
কোস্ট ট্রাস্ট

৭ অক্টোবর, ২০১৩

অনুমোদনকারী

বেগম শামসুন নাহার
সভাপতি, বোর্ড অব ট্রাস্টি
কোস্ট ট্রাস্ট

Begum Shamsun Nahar
Chairperson-Board of Trustee
COAST Trust